কোটচাঁদপুরে প্রতারক চক্রের কবলে পড়ে খোয়ালেন ইজিবাইক

কোটচাঁদপুরে যাত্রী সেজে ইজিবাইক নিয়ে পালিয়েছেন প্রতারক চক্র। শনিবার বেলা ১১ টায় এ ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের দুধসরা বাসস্ট্যান্ড এলাকায়।

ভুক্তভোগী জামাল মন্ডল বলেন,বেলা ১১ টা। যাত্রী সেজে আমার ইজিবাইক ভাড়া করেন। বলেন দুধসরা বাসস্ট্যান্ডে যাবার জন্য। এরপর দুধসরা পৌঁছে কাঁদতে থাকেন। এরপর আমাকে পাশের একটা বাড়ি দেখিয়ে, ভাই তাঁর মায়ের অসুস্থ্যতার খবরটি দিয়ে আসতে বলেন। আমি সরল বিশ্বাসে খবর দিতে যায়। পরে ফিরে এসে ইজিবাইক আর ওই যাত্রী দেখতে পায়নি।

এ ব্যাপারে থানায় অভিযোগ করা হয়েছে বলে জানিয়েছেন জামাল মন্ডল।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ফরিদ আহমেদ বলেন, ইজিবাইক চুরি ঘটনায় এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

একটু বৃষ্টি হলেই রাস্তায় জমে হাটুজল, পথচারী চলাচলে চরম ভোগান্তি

রাস্তাখানা খন্দে ভরা, নেই ড্রেনেজ ব্যবস্থা, একটু বৃষ্টি হলেই রাস্তায় জমে হাটুজল সৃষ্টিকাঁদা, পথচারীরা চলাচলে পড়ে চরম ভোগান্তিতে।

ঝিনাইদহ সদরের হলিধানী বাজার থেকে হরিণাকুণ্ড উপজেলা মুখী আঞ্চলিক সড়কের হলিধানী বাজারে এবং বৈডাঙ্গা বাজার থেকে হরিণাকুণ্ড উপজেলা ও কাতলামারী যাওয়ার পথে বৈডাঙ্গা গ্রামের পাটব্লকের সামনের রাস্তার বেহাল অবস্থা। রাস্তার দুই পাশে উচু

পরিকল্পনা আছে।

এবিষয়ে ৪নং হলিধানী ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড.এনামুল হক নিলুর সাথে বারবার যোগাযোগের চেষ্টা করেও তাকে মোবাইলে পাওয়া যায়নি। তবে নাম প্রকাশে অনিচ্ছুক অনেকেই বলেন ওনার রাস্তার দিকে কোন নজর নেই ওনি শুধু টাকার পিছনে থাকেন। এতদিন দায়িত্ব পাওয়ার পরেও এক ঝুড়ি ইটের খোয়াও এই হলিধানী বাজারের রাস্তায় পড়েনি। এই গুরুত্বপূর্ণ আঞ্চলিক সড়ক দুটির দ্রুত পুনঃনির্মান বা সংস্কার করে জনগণের ভোগান্তি লাঘবের দাবি জানিয়েছে এলাকাবাসী।

ঝিনাইদহ স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর ব্যবসায় প্রতিষ্ঠানে আগুন

ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হারুন অর রশিদের ব্যাবসায়ী প্রতিষ্ঠানে আগুন দিয়েছে দুবৃর্ত্তরা।

বৃহস্পতিবার রাতে ঝিনাইদহ সদর উপজেলার নারিককেলবাড়ীয়া বাজারে সৃজনী এনজিও অফিসে এ ঘটনাটি ঘটে।

নারিকেলবাড়ীয়া বাজারের সৃজনী এনজিও শাখার ম্যানেজার কামাল পারভেজ জানায়, অফিসে রাত আনুমানিক সাড়ে আটটার দিকে অজ্ঞাত নামা ৪/৫ জনলোক এসে বিভিন্ন ধরনের হুমকি দিয়ে পেট্রোল দিয়ে আগুন ধরিয়ে দেয়। পরে স্থানীয় লোকজন এসে আগুন নিয়ন্ত্রনে নিয়ে আনে।

তিনি আরও জানায়, আসন্ন জেলা পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে স্বতন্ত প্রার্থী সৃজনী বাংলাদেশের চেয়ারম্যান হারুন অর রশিদ (আনারস) প্রতীক নিয়ে প্রতিদ্বন্দিতা করছেন (চশমা) প্রতিকের প্রার্থী কনক কান্তি দাসের সাথে। এরই জের ধরে এ ঘটনা ঘটতে পারে বলে ধারন করছেন তিনি। এর আগে (চশমা) প্রতিকের লোকজন আনারস প্রতীকের বেশ কিছু লোকজকে মারধর করে আহত করে। এ ঘটনায় সদর থানায় মামলা হয়েছে।

এ ব্যাপারে নারিকেলবাড়ীয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই বিল্লাল হোসেন বলেন, বৃহস্পতিবার রাত আনুমানিক সাড়ে আটটার দিকে সৃজনী অফিসের প্রধান ফটকে কে বা কারা পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয়। এসময় আশপাশের লোকজন গিয়ে আগুন নিয়ন্ত্রনে আনে। আমি খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি। তেমন কোন ক্ষয়ক্ষতি হয়নি।

এ বিষয়ে আমি রাতেই উর্দ্ধতন কর্মকর্তার সাথে কথা বলেছি। লিখিত আভিযোগ পেলে তদন্ত স্বাপেক্ষে প্রয়োজনীয় ব্যাবস্থা নেওয়া হবে।

অর্থ লোপাটের অভিযোগ কালীগঞ্জের এক প্রধান শিক্ষিকার বিরুদ্ধে

জমি দান না করেও প্রধান শিক্ষিকের আশীর্বাদে দাতা সদস্য হলেন জীবন কুমার ঘোষ। ঘটনাটি ঘটেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বেজপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। এতে এলাকা জুড়ে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

প্রকৃত জমিদানকারী পরিবারের উত্তরসূরী রবিউল ইসলাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট লিখিত অভিযোগ দায়ের করেছেন। এর অনুলিপি দিয়েছেন প্রাথমিক শিক্ষা দপ্তরের মহা-পরিচালক, খুলনা বিভাগীয় প্রাথমিক শিক্ষার উপ-পরিচালক, ঝিনাইদহ দূর্নীতি দমন কমিশনের উপ-পরিচালক ও কালীগঞ্জ উপজেলা ইউএনও সহ জেলার সকল প্রেস ক্লাব বরাবর।

লিখিত অভিযোগে জানা যায়, বেজপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাদের পরিবারের পক্ষ থেকে এস.এ.দাগ নং-৬১১, এস.এ খতিয়ান নং ১২০, বেজপাড়া মৌজার জমি দান করেন। কিন্তু তাদের পরিবারের কাউকে কখনোই দাতা সদস্য হিসাবে অর্ন্তভুক্ত করা হয়নি। বরং বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিপ্রা রাণী সাহা এবং উপজেলা শিক্ষা অফিসার সেলিনা আক্তার বানু নগদ অথের বিনিময়ে জীবন কুমার ঘোষকে বারবার দাতা সদস্য হিসেবে অন্তভুক্ত করে সভাপতি নির্বাচিত করে থাকেন। কিন্তু

আদৌ জীবন কুমার ঘোষের কোন জমি ওই বিদ্যালয়ে নেই বা দান ও করেরনি। তাহলে জীবন কুমার ঘোষ কিভাবে দাতা সদস্য নির্বাচিত হয়।

২০১১ সালে গঠিত ম্যানেজিং কমিটিতে জীবন কুমার ঘোষকে দাতা সদস্য করে সভাপতি নির্বাচিত করা হয়। ২০১৪ সালে ম্যানেজিং কমিটিতে আবারও তাকে দাতা সদস্য করে সভাপতি করেন। সর্বশেষ ২০২১ সালের ম্যানেজিং কমিটিতে জীবন কুমার ঘোষকে অবৈধ ভাবে দাতা সদস্য করা হয়।

প্রধান শিক্ষক জীবন কুমার ঘোষকে সভাপতি নির্বাচিত করে তারা যোগসাজশে সরকারি অর্থ তছরূপ করেন। এর সাথে সহযোগিতা করেন সহকারী শিক্ষক সেলিম উদ্দিন। বিদ্যালয়ে প্রতি বছরে সরকারি অনুদান স্লিপ,ক্ষুদ্র মেরামত, রুটিন মেইনটেইন্স ও প্রাক-প্রাথমিকের জন্য বরাদ্ধ দেওয়া হয়, কিন্তু অবৈধ দাতা সদস্য ও সভাপতি এবং প্রধান শিক্ষিকা সরকারি অথের কাজ না করে টাকা ভাগাভাগি করেন নেন। একারণেই প্রধান শিক্ষক শিপ্রা রাণী সাহা বার বার অবৈধ ভাবে জীবন কুমার ঘোষকে দাতা সদস্য করে থাকেন।

রবিউল ইসলাম অভিযোগে উল্লেখ্য করেন, এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার সেলিনা আক্তার বানুর নিকট অভিযোগ দিলেও তিনি কোন প্রতিকার পাননি বরং দুর্ব্যবহার করে ক্ষমতার দাপট দেখান। প্রধান শিক্ষক শিপ্রা রাণী সাহা একই বিদ্যালয়ে প্রায় ২৯ বছর চাকরি করার সুবাদে তিনি আধিপত্য বিস্তার করেছেন। এ কারণে তিনি সাধারণ অভিভাবকদের সাথে প্রতিনিয়ত দূর্ব্যবহার করে থাকেন। সময়মত বিদ্যালয়ে হাজির হন না এবং সময়ের আগেই স্কুল ছুটি দিয়ে দেন।

লিখিত অভিযোগে আরো উলেখ করেন, দূর্নীতিবাজ শিক্ষা অফিসার সেলিনা আক্তার বানু এবং প্রধান শিক্ষক শিপ্রা রাণী সাহাকে বহিষ্কার করে বিভাগীয় মামলা দেওয়ার জন্য বিভিন্ন দপ্তরে তিনি লিখিত অভিযোগ দিয়েছেন।

এবিষয়ে প্রধান শিক্ষক শিপ্রা রাণী সাহা বলেন, জীবন কুমার ঘোষের জমি না থাকায় তাকে বাদ দিয়ে আগষ্ট মাস থেকে শামসুল ইসলামকে দলিল অনুযায়ী দাতা সদস্য করা হয়েছে । বার বার জীবনকে দাতা সদস্য করে সভাপতি বানালেন কেন জানতে চাইলে তিনি কৌশলে এড়িয়ে যান।

কালীগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সেলিনা আক্তার বানু বলেন, আমি আমার জেলা শিক্ষা অফিসারের সাথে কথা না বলে কিছু বলতে পারছিনা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাহাঙ্গীর আলমের সাথে মোবাইলে কথা বলা হলে এবিষয়ে তিনি বলেন, জমি না থাকলে কাউকে দাতা সদস্য বানানো যাবেনা । এই বিষয়ে একটি চিঠি দিয়েছি তারা আমাদেরকে জানালে আমরা তদন্ত করে দেখবো। দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহ পৌরসভার নব-নির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের শপথ

ঝিনাইদহ পৌরসভার নব-নির্বাচিত মেয়র ও কাউন্সিলরবৃন্দ শপথ গ্রহন করেছেন।

রোববার (২অক্টোবর) সকাল ১০টায় খুলনা বিভাগীয় কমিশনার কার্যালয়ের সভাকক্ষে এই শপথ বাক্য পাঠ করান বিভাগীয় কমিশনার মোঃ জিল্লুর রহমান চৌধুরী।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) শহীদুল ইসলাম, কমিশনারের একান্ত সচিব খাঁন মোঃ আব্দুল্লা আল মামুনসহ অন্যান্য সম্মানিত ব্যক্তিবর্গ ।

জমকালো এই শপথ গ্রহন অনুষ্ঠানে শপথ গ্রহন করেন ঝিনাইদহের নবনির্বাচিত মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল । এছাড়া তিনজন সংরক্ষিত মহিলা কাউন্সিলর এবং ৯জন সাধারণ কাউন্সিলর শপথ গ্রহন করেন।

উল্লেখ্য গত ১ সেপ্টেম্বর ঝিনাইদহ পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়। এর আগে চলতি বছরের ১৫ জুন পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও মামলা জটিলতার তা স্থগিত ছিল। সাড়ে ৪ মাস নির্বাচন বন্ধ থাকার পর আপিল বিভাগের রায়ে আইনী জটিলতার অবসান হয় এবং আদালতের আদেশ মোতাবেক গত ১১ সেপ্টেম্বর ইভিএমের মাধ্যমে ভোট গ্রহণের তারিখ নির্ধারণ করা হয়। শান্তিপূর্ন পরিবেশের মধ্য দিয়ে নির্বাচন সম্পন্ন হয়। নির্বাচনে নৌকা প্রতিকের প্রার্থী আব্দুল খালেক কে ৭হাজার ৫৫২ ভোটের ভোটের ব্যবধানে কাইয়ুম শাহরিয়ার

জাহেদী হিজল মেয়র নির্বাচিত হন।

ঝিনাইদহের উৎসুক জনতা নব-নির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের ঝিনাইদহ সদরের তেতুঁলতলা বাজার থেকে শতশত মোটর সাইকেল শোভাযাত্রা নিয়ে তাদের অভ্যার্থনা জানান।

কোটচাঁদপুর ১৫০ পিচ ইয়াবা সহ দুই জন আটক

১৫০ পিচ ইয়াবা সহ দুই জনকে আটক করেছেন কোটচাঁদপুরের গুড়পাড়া ফাঁড়ি পুলিশ। বুধবার বিকালে গুড়পাড়া বাজার থেকে তাদেরকে আটক করা হয়।

কোটচাঁদপুরের গুড়পাড়া পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক আব্দুল্লা আল মামুন জানান,গোপন সংবাদে জানতে পারি দুই জন ইয়াবা বিক্রির উদেশ্যে বাজারে ঘোরাঘুরি করছেন। তাদের সন্দেহ জনক ঘোরাঘুরি দেখে আটক করা হয়। পরে ওই দুই জনের বডিতে থাকা ১৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আটকৃতরা হলেন,আলমডাঙ্গার মাজু গ্রামের আব্দুর রশিদ শেখের ছেলে সেন্টু শেখ (২৫),ও কুষ্টিয়ার আশাননগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে বিপ্লব হোসেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।

কোটচাঁদপুরে প্রধানমন্ত্রী

শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালিত

শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। এ শ্লোগানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালন করেছেন কোটচাঁদপুর উপজেলা প্রশাসন।

দিনটি পালনে কেক কাটা,আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেন প্রশাসন। বুধবার দুপুরে উপজেলার অডিটোরিয়ামে এর আয়োজন করা হয়।

এতে সভাপতিত্ব করেন,উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ - ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী, প্রকৌশলী রুহুল ইসলাম, মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, মহিলা বিষয়ক শিলা বেগম, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা চম্পা অধিকারি।

পরে জন্মদিনের কেক কাটা হয়। কেক কাটেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। এ সময় উপস্থিতিদের মুখে উচ্চারিত হয় ওই শ্লোগান। শুভ শুভ শুভদিন, শেখ হাসিনার জন্মদিন। পরে স্থানীয়দের মধ্যে জন্মদিনের কেক বিতরন করা হয়।

ঝিনাইদহে শুরু হলো দুইদিন

ব্যাপী তথ্য অধিকার মেলা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ২ দিন ব্যাপী তথ্য অধিকার মেলা শুরু হয়েছে।

জেলা প্রশাসন ও সনাকের আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা।

উদ্বোধন শেষে সেখান থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সচেতন নাগরিক কমিটির (সনাক) সভাপতি সায়েদুল আলমের সভাপতিত্বে বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিক, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর আলম, সনাকের সহ-সভাপতি জ্যেষ্ঠ সাংবাদিক এম সাইফুল মাবুদ ও সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল।

আলোচনা সভায় বক্তারা, তথ্যের অবাধ প্রবাহের নিশ্চিত করতে তথ্য অধিকার আইন পুরোপুরি বাস্তবায়ন করার আহবান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শণ করা হয়। ২ দিন ব্যাপী এ তথ্য মেলায় সরকারি ও বেসরকারি ২৯ টি দপ্তর স্টল দিয়েছে।

কোটচাঁদপুরে সহকারী শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে সহকারী শিক্ষকের অভিযোগ

কোটচাঁদপুরের আব্দুর রাজ্জাক খান প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক,সহকারী শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে লিখিত অভিযোগ করেছেন

উপজেলা শিক্ষা অফিসে। অভিযোগ পেয়েছি,তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে জানালেন শিক্ষা কর্মকর্তা অসিত বরণ পাল।

কোটচাঁদপুর উপজেলার আব্দুর রাজ্জাক খান বিদ্যালয়ের ভুক্তভোগী সহকারি শিক্ষক রেশমা খাতুন বলেন,গেল ১৫ সেপ্টেম্বর সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহা বিদ্যালয় পরিদর্শনে যান। প্রশ্ন তোলেন ছেলের প্রসাব করা ও ওই বিদ্যালয়ের সহাকারী শিক্ষক নন্দিতা রানীকে নিয়ে বিদ্যালয়ে ঘটে যাওয়া ঘটনার। তিনি ওই সব ঘটনা নিয়ে প্রধান শিক্ষক সহ আমার উপর রাগান্বিত হয়। এরমধ্যে আমি কথা বলায়,তিনি আমার চরিত্র নিয়ে কথা তোলেন। করেন কুরুচিপূর্ণ ও অশালীন মন্তব্য। ওই ঘটনা নিয়ে ১৮ সেপ্টেম্বর উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়েছে।

তিনি আরো বলেন,২০১৮ সাল থেকে নন্দিতা রানী এ বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে আছেন। তিনি উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহার স্ত্রী।

এ বিদ্যালয়ে যোগদানের পর থেকে তিনি তাঁর বাচ্চাকে নিয়ে বিদ্যালয়ে আসেন। এতে করে বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখা-পড়ায় বিঘ্ন ঘটে। এ সব নিয়ে কথা বললে তিনি বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে খারাপ ব্যবহার করেন।

এ ব্যাপারে গেল ২০-০৩-২২ তারিখে উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়। এর আগেও ওই শিক্ষিকার বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তা বরাবর বেশ কয়েকটি অভিযোগও করেছেন বিদ্যালয়ের অভিভাবক,প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা। তবে তাতে কোন লাভ হয়নি। এতে করে তিনি আরো বেপরোয়া হয়ে উঠেছেন।

এ সব অভিযোগ প্রসঙ্গে উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা বলরাম সাহা বলেন,ওই সব ঘটনা যে, সময় ঘটেছে। আমি তখন অন্য ক্লাস্টারে ছিলাম। আমি কিছু জানিনা। ওই সময় যে অফিসার ছিলেন,তাঁর কাছে বিষয়টি শুনবেন।

তিনি প্রতিবেদকের কাছে রেশমা খাতুনের বিরুদ্ধে উল্টো অভিযোগ করে বলেন,রেশমা খাতুন পাঠ দানের সময় মোবাইল ব্যবহার করেন। সেটা ওনি করতে পারেন কিনা। এছাড়া তিনি ক্লাস রুমে চেয়ারের উপর পা তুলে দিয়ে ফেসবুক চালান।

উদ্ধোতন কর্মকর্তা যাবার পর কোন সম্মান না দেখিয়ে, বরং ওনার সঙ্গে খারাপ আচারন করেন। তিনি ক্লাস না নিয়ে ক্লাসের বড় বাচ্চাদের দিয়ে ক্লাস করান। কর্মস্থলে থেকে কাজ করার কথা থাকলেও তিনি ঝিনাইদহ থেকে প্রতিদিন দেরি করে বিদ্যালয়ে আসেন। যার প্রমানপত্র আমাদের কাছে সব আছে। আর ওনি যে অভিযোগ করেছেন তা ঠিক না। ওনার অনিয়ম ঢাকতে, তিনি এ সব বলছেন।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা অসিত বরণ পাল জানান, এ সংক্রান্ত একটা অভিযোগ পেয়েছি। তদন্ত করে এর ব্যবস্থা নেওয়া হবে।

বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ বলেন,ওই শিক্ষক উপরের কর্মকর্তাদের কাছে অভিযোগ করেছেন। তাঁর অনুলিপি দিয়েছেন আমাকে। ঘটনাটি ওনারা দেখবেন।

ঝিনাইদহে সংঘবদ্ধ ধর্ষনের পর খুন ৯ আসামীর যাবজ্জীবন কারাদন্ড

ঝিনাইদহে এক গৃহবধূকে সংঘবদ্ধ ভাবে ধর্ষণ ও পরে নৃশংসভাবে হত্যার অভিযোগে নয় আসামীর যাবজ্জীবন কারাদন্ড প্রদান করেছে আদালত। একইসঙ্গে প্রত্যেককে এক লাখ টাকা করে জরিমানা অনাদায়ে চার মাসের সশ্রম কারাদন্ডে দন্ডিত করা হয়।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) দুপুরে ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মোঃ মিজানুর রহমান এই রায় ঘোষণা করেন। মন্ডপ্রাপ্তরা হলেন ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী এলাকার আশরাফ উদ্দীন শেখের ছেলে গোলাম রসুল (১), তাহের উদ্দীন মন্ডলের ছেলে (পলাতক) শরিফুল ইসলাম, হুরমত আলীর ছেলে (পলাতক) আমিরুল ইসলাম, শামসুদ্দীনের ছেলে গোলাম রসুল, আইয়ুব আলীর ছেলে আব্দুল আজিজ, আফজাল হোসেনের ছেলে আজিজুর রহমান, দাউদ বিশ্বাসের ছেলে জাহিদুল ইসলাম, দলিল উদ্দীন মন্টুর ছেলে বাদশা মিয়া ও কেশবপুর

গ্রামের গোলাপের ছেলে আব্দুল বাতেন। এদের মধ্যে শরিফুল ও আমিরুল ইসলাম পলাতক রয়েছে।

রায় সুত্রে জানা গেছে, ২০১১ সালের ১২ মার্চ রাতে মাসে ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী গ্রামের আরব আলীর স্ত্রী রেনু বেগমকে তুলে নিয়ে পার্শ্ববর্তী বাঁশবাগানে নিয়ে আসামীরা রাতভর ধর্ষণ করে। পরে তারা ওই নারীকে হত্যা করে লাশ ফেলে রেখে যায়।১৩ মার্চ লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় নিহতের স্বামী আরব আলী বাদী পরদিন ১৬ জনকে আসামি করে থানায় মামলা দায়ের করেন। দীর্ঘ ১১ বছর পর সাক্ষ্য প্রমানের ভিত্তিতে আদালত এই রায় ঘোষনা করেন।

মামলার বাদী ও নিহতের স্বামী আরব আলী মঙ্গলবার বিকালে বলেন, ২০১১ সালে আমার স্ত্রীকে আসামীরা ধর্ষণের পর হত্যা করে। আসামিদের যাবজ্জীবন কারাদন্ড না হয়ে ফাঁসি হলে তিনি খুশি হতেন। তারপরও শাস্তি হয়েছে এতে আমি খুশি।

ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট বজলুর রহমান বলেন, ১০ জনের যাবজ্জীবন কারাদন্ড হলেও একজন মারা যাওয়ায় তাকে বেকসুর খালাস দিয়েছে আদালত। রায়ে পলাতক আসামিদের গ্রেফতার দ্রত করতে আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দিয়েছেন আদালত।